শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন সেন্টার

তারিখ 10 MAY 1989
পৃষ্ঠা ... কলাম ...

79

# দৈনিক সংবাদ

## শিক্ষা মন্ত্রণালয় সমীপে

আমরা যশোর শিক্ষা বোর্ডের অধীন পিরোজপুর জেলার অন্তর্গত স্বরূপকাঠি উপজেলাধীন কুড়িয়ানা গ্রামে প্রতিষ্ঠিত 'কবি গুরু রবীন্দ্রনাথ কলেজ' হইতে ১৯৮৭ সালে 'বিশেষ প্রাইভেট' পরীক্ষার্থী হিসেবে এইচ এস সি পরীক্ষায় অংশগ্রহণ করি। গত ২২।১০।৮৭ তারিখে বোর্ডের অন্যান্য কলেজের ফলাফল প্রকাশিত হইলেও উক্ত কলেজের সকল (২১ জন) পরীক্ষার্থীর ফলাফল অপ্রকাশিত থাকে। ইহার প্রায় ২ মাস পরে বিশ্বস্ত সূত্রে জানিতে পারিলাম যে, উক্ত ২১ জন ছাত্র-ছাত্রীর মধ্যে ১০ জন কৃতকার্য হইয়াছি। কিন্তু আজ পর্যন্ত যশোর শিক্ষা বোর্ড আমাদের ফল প্রকাশ করিতেছে না।

বোর্ড কর্তৃপক্ষ আমাদের প্রবেশপত্র যথারীতি সরবরাহ ও ইস্যু করা সত্ত্বেও বলিতেছেন সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষের ত্রুটির জন্য আমাদের ফলাফল অপ্রকাশিত। বর্তমানের ভারপ্রাপ্ত অধ্যক্ষ সাহেব বলিতেছেন, আমি ফলাফল প্রকাশের জন্য যথাসাধ্য চেষ্টা করিয়া যাইতেছি। কিন্তু আজ দেড় বৎসর অতিবাহিত হইল, আমাদের ফলাফল না পাইয়া আমরা হতাশাগ্রস্ত হইয়া পড়িয়াছি। আমাদের বক্তব্য, দোষ-ত্রুটির জন্য কি আমরাই দায়ী? বিশেষ প্রাইভেট শিক্ষা বিভাগের একটি সুনিয়ম এবং আমার যতদূর মনে হয় দীন-দরিদ্র ও অবহেলিত ছাত্র-ছাত্রীদের জন্যই শিক্ষা বিভাগের এই সুব্যবস্থা। কিন্তু সংশ্লিষ্ট কাহারো ত্রুটির জন্য এই 'বিশেষ প্রাইভেট' পরীক্ষার্থীদের জীবন মূল্যহীন হইতে বসিয়াছে।

ইতিপূর্বে এ বিষয়ে অনেক আবেদন নিবেদন করিয়া ব্যর্থ হইয়াছি। এমতাবস্থায় শিক্ষা মন্ত্রণালয় সমীপে আমাদের আকুল আবেদন এই সকল দিক বিবেচনা করিয়া আমাদের ফলাফল প্রকাশের বিহিত ব্যবস্থা করুন।

দুলালচন্দ্র চক্রবর্তী
গ্রাম-শহীদ, ডাক-মৈশানী,
জেলা-পিরোজপুর।